

ঃ বিআরটিএ'র বিজ্ঞপ্তি ঃ

**নছিমন, করিমন, ভটভটি ইত্যাদি অবৈধ ইঞ্জিন যান না চালানো এবং যাত্রী হয়ে উঠে জন
জীবনকে ঝুঁকির মধ্যে না ফেলা প্রসংগে বিজ্ঞপ্তি**

লক্ষ্য করা গেছে যে, কিছু কিছু ব্যক্তি বা প্রতিষ্ঠান বিদেশ থেকে কৃষি কাজের জন্য আমদানীকৃত শ্যালো ইঞ্জিন দ্বারা স্থানীয়ভাবে তিন চাকা বিশিষ্ট ইঞ্জিন যান তৈরী করে, কোন কোন ক্ষেত্রে খোলা ভ্যানে ইঞ্জিন বসিয়ে নছিমন , করিমন, ভটভটি ইত্যাদি নাম দিয়ে দেশের বিভিন্ন সড়ক, মহাসড়ক, জেলা ও উপজেলাসহ গ্রাম গঞ্জে অবৈধভাবে বাণিজ্যিক ভিত্তিতে যাত্রী ও মালামাল পরিবহন করছে। এসব ইঞ্জিন যানে সড়ক নিরাপত্তা উপকরণ যেমন- ব্রেক, লাইটিং সিস্টেম, গিয়ার বক্স ইত্যাদি সজ্জিত নয়। কোন কোন ক্ষেত্রে নিরাপত্তা উপকরণ থাকলেও তা ত্রুটিযুক্ত এবং নিরাপত্তা স্ট্যান্ডার্ডের পরিপন্থী। উপরন্তু এ সব যানবাহন অতিরিক্তি শব্দ উৎপাদন এবং কালো ধোঁয়া নিগর্ত করে যা পরিবেশের উপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে। নিরাপত্তা বিহীন এধরণের যানবাহন প্রায় সময় সড়ক দুর্ঘটনায় পতিত হয়ে জান মালের ব্যাপক ক্ষয় ক্ষতি সাধন করছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, বিআরটিএ'র পক্ষ হতে সর্ব সাধারণকে এ সব অবৈধ ইঞ্জিন যান না চালানোর জন্য এবং যাত্রী হয়ে উঠে জন জীবনকে ঝুঁকির মধ্যে না ফেলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। উল্লেখ্য, এ সব অবৈধ ইঞ্জিন যানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সরকার কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
(বিআরটিএ)